

-
১. ‘পল্লিজননী’ কবিতার কয়টি পাখির নাম রয়েছে?
 ২. ‘যে কথা ভাবিতে পরাণ শিহরে’- কোন কথা?
 ৩. ছেলে কার সঙ্গে খেলতে যাওয়ার বায়না ধরে?
 ৪. ‘ওবা’ বোঝাতে ‘পল্লিজননী’ কবিতায় কোন নামটি এসেছে?
 ৫. ছেলে কোনটিকে যতন করে রাখার আবদার তুলেছে?
 ৬. ‘পল্লিজননী’ কবিতায় কিসের আলোয় কাল রাত নাচে?
 ৭. ‘পান্তুর’ কথাটির সমার্থক কোনটি?
 ৮. বেড়ার ফাঁক দিয়ে কী আসে?
 ৯. কে বিরহিণী পাখির বাচ্চা চুরি করেছে?
 ১০. ‘জোনাকি’ শব্দটি ‘পল্লিজননী’ কবিতায় ক’বার ব্যবহার করা হয়েছে?
 ১১. ‘কোঁচ’ কাকে বলে?
 ১২. ‘পল্লিজননী’ কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে?
 ১৩. ‘মোসলমানের আড়ঙ দেখিতে নাই।’ এ কথা কে বলেছে?
 ১৪. মায়ের চাহনি কী রকম?
 ১৫. ‘পল্লিজননী’ কবিতায় দরগায় কী মানত করা হয়?

বাদশা বাবর কাঁদিয়া ফিরিছে, নিদ নাহি চোখে তার-
পুত্র তাহার হৃষায়ন বুঝি বাঁচে না এবার আর।
চারিধারে তার ঘনায়ে আসিছে মরণ-অন্ধকার...
কহিল কাঁদিয়া-‘হে দয়াল খোদা, হে রহিম রহমান,
মোর জীবনের সবচেয়ে প্রিয় আমারি আপন প্রাণ,
তাই নিয়ে প্রভু পুত্রের প্রাণ, কর মোরে প্রতিদান’

- (ক) ‘পল্লী জননী’ কবিতার প্রথম চরণটি কী?
(খ) পল্লী জননীর বাড়ি ও তার চারপাশের পরিবেশ কেমন?
(গ) উদ্দীপকটিতে ‘পল্লী জননী’ কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে, তা ব্যাখ্যা করো।
(ঘ) প্রতিফলিত দিকটি ‘পল্লী জননী’ কবিতার সামগ্রিক ভাবকে ধারণ করে কি? যুক্তিসহ প্রমাণ করো।